



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৪১

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় সভা অনুষ্ঠিত

রাজশাহী; ৬ ভাদ্র (২১ আগস্ট):

রাজশাহী বিভাগীয় উন্নয়ন সমন্বয় কমিটির সভা আজ (২১ আগস্ট) সোমবার বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। রাজশাহী বিভাগীয় কমিশনার ড. মুহাম্মদ হুমায়ূন কবীর সভায় সভাপতিত্ব করেন।

সভায় স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে জানানো হয়, রাজশাহী বিভাগের বিভিন্ন হাসপাতালে ভর্তি হওয়া ডেঙ্গু রোগীদের মধ্যে ঢাকা ও তার আশেপাশের জেলা থেকে আসা রোগীই বেশি। এ বিভাগে এখন পর্যন্ত আট জন ডেঙ্গু রোগী মারা গেছে, যারা ওই সব জায়গা থেকে এখানে এসে ভর্তি হয়েছিল। রাজশাহী বিভাগে ডেঙ্গু পরীক্ষার কিট ও স্যালাইন পর্যাপ্ত রয়েছে বলে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সভাকে নিশ্চিত করা হয়েছে।

কৃষি বিভাগ জানায়, এখন রোপা আমন রোপণের কাজ চলছে তবে এ বছর বৃষ্টি কম হওয়ায় চারা রোপণে কিছু সমস্যা সৃষ্টি হচ্ছে। গত কয়েক বছর যাবত রাজশাহী থেকে আম রপ্তানির ধারাবাহিকভাবে বৃদ্ধি পেয়েছে উল্লেখ করে কৃষি বিভাগ আশাবাদ ব্যক্ত করেছে যে, কৃষকদের সহযোগিতা দিলে আম রপ্তানি আরো বৃদ্ধি পাবে।

রাজশাহী বিভাগে মোট ৭৬টি মডেল মসজিদের মধ্যে পাঁচ ধাপে ৪২টি মসজিদ ইতিমধ্যে উদ্বোধন হয়েছে বলে জানায় গণপূর্ত দপ্তর। এ দপ্তর থেকে আরো জানানো হয়, আগামীকাল (২২ আগস্ট) বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী রাজশাহীতে নবনির্মিত নভোথিয়েটারটি পরিদর্শন করবেন এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রী প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করে শীঘ্রই এটি উদ্বোধনের দিনক্ষণ ঠিক করবেন।

ভোজা সংরক্ষণ অধিদপ্তরের প্রতিনিধি জানায়, ডেঙ্গু পরীক্ষার কিটের মূল্য কয়েকটি অভিযান চালানোর পর বর্তমানে স্বাভাবিক হয়েছে। ডিমের বাজারও স্বাভাবিক হয়ে এসেছে, তবে কোনো কোনো গ্রাহক অস্বাভাবিক বিদ্যুৎ বিল আসছে বলে তাদের কাছে অভিযোগ এসেছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র এলাকাতে বিসাক্ত রাসেল ভাইপার সাপের উপদ্রব দেখা দিয়েছে জানিয়ে বাজারে অ্যান্টিভেনামের সরবরাহ বৃদ্ধির জন্য স্বাস্থ্য বিভাগকে অনুরোধ করেন পাবনা জেলা প্রশাসক।

নওগাঁ জেলাতে গরুর লাম্পি স্কিন রোগ দেখা যাচ্ছে উল্লেখ করে প্রাণিসম্পদ বিভাগের পদক্ষেপ নেওয়ার কথা বলেন নওগাঁ জেলা প্রশাসক। এ ছাড়াও জেলা প্রশাসকগণ ডেঙ্গু ব্যবস্থাপনায় উপজেলা পর্যায়ে আই সি ইউ স্থাপনের প্রয়োজনীয়তা, মডেল মসজিদের বিদ্যুৎ বিল পরিশোধে সমস্যা, প্রতিটি আশ্রয়ণ কেন্দ্রে আর্সেনিক পরীক্ষা করা, জুমার খুতবায় ইমামদের বিভিন্ন সামাজিক বিষয়ে ইসলামের সঠিক ব্যাখ্যা প্রদানের প্রয়োজনীয়তার কথা সভায় তুলে ধরেন।

সভাপতির বক্তব্যে বিভাগীয় কমিশনার বলেন, সেপ্টেম্বরের পুরোটা সময় ডেঙ্গুর প্রাদুর্ভাব থাকবে। স্থানীয় সরকার ডেঙ্গু প্রতিরোধে কাজ করবে আর স্বাস্থ্য বিভাগকে চিকিৎসা প্রটোকল দেখভাল করতে হবে যেন সরকারি-বেসরকারি সকল চিকিৎসা কেন্দ্র তা মেনে চলে। যেসব প্রতিষ্ঠানের মাঠ পর্যায়ে কর্মী রয়েছে তিনি তাদেরকে প্রচারের কাজে যুক্ত করতে নির্দেশ দেন। পৈয়াজের মতো কৃষিপণ্যের দাম যেন হঠাৎ করে বেড়ে না যায়, সেদিকে লক্ষ্য রাখতে ও কৃষিঋণ প্রদানের বিষয়টিও দেখভাল করতে সভাপতি কৃষি বিভাগকে অনুরোধ করেন।

বিভাগীয় কমিশনার আরো বলেন, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে ভোটকেন্দ্র প্রস্তুত করা এবং ভোট গ্রহণকারীদেরকে প্রস্তুত করার দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে। তিনি সরকার ঘোষিত পেনশন স্কিমে যেন সব ধরনের মানুষ যুক্ত হয় এবং এ বিষয়ে নেতিবাচক প্রচারণা না হয় সেদিকে লক্ষ্য রাখতে সভার সদস্যদের অনুরোধ জানান।

রাজশাহী বিভাগের বিভিন্ন সরকারি দপ্তরের দপ্তর প্রধানগণ এবং বিভাগের আট জেলার জেলা প্রশাসকগণ এ সময় সভায় অংশগ্রহণ করেন।

.....

তৌহিদ/সিকান্দার/হালিম ২০২৩/১৭.০০ঘ.